উপজেলা পরিষদ

কুলিয়ারচর, কিশোরগঞ্জ

kuliarchar.kishoreganj.gov.bd

## কুলিয়ারচর উপজেলা পরিষদের নভেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি : ইয়াছির মিয়া
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

সভার তারিখ : ১৭/১১/২০২১খ্রি.

সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ

সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যগণের বিবরণ পরিশিষ্ট 'খ'

উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। এতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়। গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাসহ নিম্নোক্ত বিভাগসমূহের কার্যক্রমের উপর আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | বিষয় | আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার জানান রবি/২০২১-২২ মৌসুমে ২৫১৫ জন সরিষা, ভূট্টা, গম, সূর্যমূখি, চিনাবাদাম, শীতকালীন পেঁয়াজ, মুগ, মসুর, খেসারীর প্রণোদনা প্রদান করা হয়েছে। রবি/২০২১-২২ মৌসুমে ৬৮০০ হেক্টর বোরো আবাদের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে। রবি/২০২১-২২ মৌসুমে ৬৭০ হেক্টর জমিতে শীতকালীন সবজির আবাদ করা হয়েছে। রবি/২০২১-২২ মৌসুমে সার বীজ ও কীটনাশকের সরবরাহ নিশ্চিতকরণে প্রত্যক্ষ মনিটরিং জোরদার করা হয়েছে। রবি/২০২১-২২ মৌসুমে কৃষক প্রশিক্ষণ, উঠান বৈঠক ও মাঠ দিবস বাস্তবায়ন করা হচ্ছে। ২০২১-২০২২ অর্থ বছরে চলতি রবি মৌসুমে বোরো ধানের আবাদ বৃদ্ধির জন্য ৩৮০০জন কৃষককে ০২ কেজি করে হাইব্রিড ধানের বীজ সহায়তা এবং ১৪০০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ০৫ কেজি করে উফশী ধান বীজ, ১০ ডিএপি সার ও ১০ কেজি ডিএপি সার ও ১০ কেজি এমওপি সার প্রণোদনা দেওয়া হবে।<br>সিদ্ধান্ত : রবি/২০২১-২২ মৌসুমে শীতকালীন সবজি ও বোরো ধানের আবাদ লক্ষ্যমাত্রা অনুযায়ী যাতে হয় সেবিষয়ে প্রত্যেক্ষ মনিটরিং বৃদ্ধি করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার, কুলিয়ারচর |
| ২ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান যে, আমাদের করোনা টিকার কার্যক্রম চলমান আছে। আমাদের ১৮ উর্ধ্ব জনগোষ্ঠীর সংখ্যা ১,২০,০০০জন। এর মধ্যে গতকাল পর্যন্ত ১ম ডোজ টিকা গ্রহণ করেছেন ৮৯,৭৫৭জন। শতকরা হিসেবে প্রায় ৫৭ভাগ মানুষ টিকার আওতায় এসেছে। কমিউনিটি ক্লিনিকের মাধ্যমে আমরা ওয়ার্ড পর্যায়ে করোনা টিকা প্রদান কার্যক্রম নিয়ে এসেছি। আমাদের গণটিকা কার্যক্রমে অনেক সময় হাজার হাজার লোক এসে জমা হয়। তখন আমাদের পুলিশ বিভাগের সহযোগিতা লাগে। আমি সকল বিভাগের সহযোগিতা পেয়েছি। করোনা মোকাবেলার জন্য নমুনা সংগ্রহ কার্যক্রম চলমান আছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যানুযায়ী কমপক্ষে ৮০ ভাগ লোককে করোনা টিকা দিতে হবে। ১২-১৩ বছর বয়সী ছেলে মেয়েদের টিকা প্রদান কার্যক্রম উপজেলা পর্যায়ে নেই তবে জেলা পর্যায়ে রয়েছে। সামনে বিজয়ের মাস ডিসেম্বর। আমি বিনয়ের সহিত সরকারি কর্মকর্তাদের বলছি ডিসেম্বর মাসে যাদের এসিআর প্রয়োজন তারা দয়া করে আমার অফিসে আসবেন।<br>সিদ্ধান্ত : মোট জনসংখ্যার ৮০% লোককে করোনা টিকার আওতায় আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। | ১.উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলিয়ারচর |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৩ | প্রাণী সম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন, ইউনিয়ন পর্যায় থেকে তালিকা চূড়ান্ত না হওয়া প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা সম্ভব হচ্ছে না। প্রাণী সম্পদ বিভাগের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : দ্রুত প্রশিক্ষণ কার্যক্রম চালু করার জন্য অনুরোধ করা হলো। | ১। উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, কুলিয়ারচর |
| ৪ | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলীর প্রতিনিধি সভায় জানান যে কুলিয়ারচর উপজেলা হেডকোয়ার্টার-জামতলা সড়কটি GOM Maintenance আওতায় দরপত্র আহবান করা হয়েছে। GOM Maintenance আওতায় বাজরা বাজার আরএন্ডএইচ সালুয়া ভায়া ডুমরাকান্দা বাজার সড়কের দরপত্র আহবান করা হয়েছে। সৌহার্দ্য প্রকল্পের আওতায় ডুমরাকান্দা টু জগৎচর সড়কের মেরামত কাজ ইতিমধ্যে সমাপ্ত হয়েছে। ২০২১-২০২২ অর্থ বছরের এডিপি এর ১ম কিস্তি বাবদ ১৫.৫০ লক্ষ এবং ২য় কিস্তি বাবদ ১৫.৫০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গিয়াছে। উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের বাসভবন ও শারীরিক নিরাপত্তার জন্য আনসার সদস্যদের আবাসন ভবন নির্মাণের জন্য ১৫.০০ লক্ষ টাকার প্রাক্কলন এলজিইডি সদর দপ্তর হতে পাওয়া গিয়েছে। উপজেলা রাজস্ব তহবিল হতে বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে ব্যয় নির্বাহের নির্দেশনা রয়েছে। মাছিমপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের জায়গা সংক্রান্ত জটিলতার নিরসন হয়েছে। উপজেলা চেয়ারম্যান মহোদয় কর্তৃক উক্ত স্কুলের জায়গা সংক্রান্ত জটিলতা নিরসনের মহান উদ্যোগ গ্রহণ করায় ওনাকে ধন্যবাদ জানাচ্ছি।<br>সিদ্ধান্ত : কুলিয়ারচর উপজেলা হেডকোয়ার্টার টু জামতলা সড়ক এবং বাজরা বাজার আরএন্ডএইচ সালুয়া ভায়া ডুমরাকান্দা বাজারটির দ্রুত টেন্ডার প্রক্রিয়ার কার্যক্রম শেষ করে কার্যাদেশ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | ১। উপজেলা প্রকৌশলী, কুলিয়ারচর |
| ৫. | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় অনুপস্থিত। | |
| ৬. | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন, জনবল সংকটের কারণে আমরা জনগণকে কাঙ্খিত সেবা দিতে পারছি না। আমাদের ইমপ্ল্যান্টমেন্ট ক্যাম্প চালু আছে। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : প্রতি মাসে লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলিয়ারচর |
| ৭. | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা কর্মকর্তার প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন আমাদের উর্ধ্বতন কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী ৫ম শ্রেণীর ক্লাস নিয়মিত হয়। প্রথম, দ্বিতীয়, তৃতীয় ও চতুর্থ শ্রেণিতে সপ্তাহে ১দিন ও ৫ম শ্রেণীতে সপ্তাহে ৬দিন পাঠদান কার্যক্রম চলমান। কর্মরত ৪৭০জন শিক্ষকের মধ্যে ৪৪৮জন কোভিড-১৯ এর টীকা গ্রহণ করেছেন। টীকা গ্রহণের হার ৯৫%। আমার অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারী আমরা টিকা গ্রহণ করেছি।<br>সিদ্ধান্ত : প্রত্যেক বিদ্যালয়ে সঠিকভাবে পাঠদান হচ্ছে কিনা তা নিয়মিত মনিটরিং করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা শিক্ষা অফিসার, কুলিয়ারচর |
| ৮. | মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন আমাদের শ্রেণী কার্যক্রম চলমান আছে। এ্যাসাইনমেন্ট কার্যক্রম চলমান আছে। করোনা টিকা প্রদানের জন্য ১২-১৭ বছর বয়সী ৮৬৭৩ ছাত্র-ছাত্রীদের তালিকা প্রেরণ করা হয়েছে।এইচএসসি পরীক্ষা আগামী ডিসেম্বর/২০২১ মাসে অনুষ্ঠিত হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কুলিয়ারচর |
| ৯. | ত্রাণ ও দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরে টিআর, কাবিকা, চাল ও গম বরাদ্দ এসেছে। প্রতিবছর আমরা মাটি ভরাট কাজ করি। বৃষ্টি হলে মাটি চলে যায়। ফলে প্রকল্প দৃশ্যমান হয়না। প্রত্যেক প্রকল্পের ৬০% কাজ করতে হবে স্থায়ী গাইড ওয়াল নির্মাণে আর ৪০% কাজ করতে হবে মাটি ভরাট বাবদ। আর টিআর এর ক্ষেত্রে ৭৫% স্থায়ী কাজ আরসিসি করতে হবে। এছাড়া অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে ঠিকাদার নির্বাচন করেছি। সে মোতাবেক কার্যক্রম উদ্বোধনের পর চলমান আছে।<br>সিদ্ধান্ত : অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীর নিবাস নির্মান কাজ যাতে গুণগত মান বজায় রেখে প্রাক্কলন মোতাবেক সম্পন্ন করে এ বিষয়ে মনিটরিং করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, কুলিয়ারচর |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১০. | জনস্বাস্থ্য বিভাগ | সভায় উপস্থিত উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের নলকূপের নির্বাচিত স্থান তালিকা হতে কয়েকটি উপকারভোগীর নলকূপ স্থাপনের জায়গা না দিতে পারায় নামগুলো পরিবর্তনের জন্য আরো ২(দুই) মাস আগে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ জানান কিন্তু এই নির্বাচিত নাম এখনো না পাওয়ার দরুন ২০১৯-২০২০ অর্থ বছরের সকল কাজ সমাপ্ত করা যাচ্ছে না। ২০২০-২০২১অর্থ বছরের সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ শীর্ষক প্রকল্প ও হাওড় অঞ্চলে টেকসই পানি সরবরাহ, স্যানিটেশন ও হাইজিন ব্যবহার উন্নয়ন প্রকল্পের নির্বাচিত স্থান তালিকার কাজ আরম্ভ হয়েছে কিন্তু উছমানপুর ও ফরিদপুর ইউনিয়নের বেশিরভাগ উপকারভোগী নলকূপের সহায়ক চাঁদা জমা দিচ্ছে না যার দরুন নলকূপ স্থাপন কাজ বাধা প্রাপ্ত হচ্ছে। এই বিষয়গুলো সুবিবেচনা পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা ওয়াটসন কমিটির সভাপতি মহোদয় ও সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হলো।<br>সিদ্ধান্ত : উছমানপুর ও ফরিদপুর ইউপি চেয়ারম্যানগণকে নলকূপের সহায়ক চাঁদা দ্রুত জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কুলিয়ারচর |
| ১১. | সমাজসেবা অধিদপ্তর | উপজেলা সমাজসেবা কর্মকর্তার প্রতিনিধি জানান যে, সরকারি সিদ্ধান্ত মোতাবেক ১০০ ভাগ বয়স্ক ও বিধবা ভাতা প্রদান করা হবে। তবে বয়স্ক ভাতা যারা আবেদন করেছেন তারা সবাই ভাতা পাবে। বিধবা ভাতা আমরা পঞ্চাশের উপরে যাদের বয়স তাদেরকে এখন ভাতা প্রদান করা হবে। বাকীরা পর্যায়ক্রমে বরাদ্দ প্রাপ্তি স্বাপেক্ষে ভাতা দেয়া হবে। | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১২. | খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন "শেখ হাসিনার বাংলাদেশ ক্ষুধা হবে নিরুদ্দেশ" এই শ্লোগানকে সামনে রেখে খাদ্য বান্ধব কর্মসূচি শুরু হয়। কুলিয়ারচর উপজেলায় ৩১৭২ জন উপকারভোগীর মাঝে জনপ্রতি ৩০ কেজি করে সর্বমোট ৯৫.১৬০ মে.টন চাল বিতরণ করা হয়। বছরে সর্বমোট ৫ মাস এই বিতরণ কার্যক্রম চলমান থাকে। বর্তমানে আমাদের আমন ধান সংগ্রহের লক্ষমাত্রা ৩৫২ মে.টন ও সিদ্ধ চাল সংগ্রহের লক্ষমাত্রা ৬৪০ মে.টন। প্রতি কেজি ধানের সংগ্রহ মূল্য ২৭ টাকা এবং প্রতি কেজি চালের সংগ্রহ মূল্য ৪০ টাকা। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : আমন ধান ও [illegible] চাল সংগ্রহ কার্যক্রম শুরু থেকে নজরদারী বাড়ানোর জন্য জন্য অনুরোধ করা হয়। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কুলিয়ারচর |
| ১৩. | যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন, আমাদের যুব দিবস সফলভাবে সম্পন্ন হয়েছে। আমাদের ঋণ বিতরণ ও ঋণ আদায় কার্যক্রম স্বাভাবিক আছে।<br>সিদ্ধান্ত : বকেয়া ঋণ আদায় কার্যক্রম জোরদার করার জন্য অনুরোধ করা হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১৪. | মহিলা বিষয়ক দপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন আজকের মাসিক সভায় আমার শেষ সভা। আমি বাজিতপুর উপজেলায় বদলী হয়েছি। আগামী সভার আগেই সেখানে যোগদান করবো। আমি কুলিয়ারচর উপজেলায় প্রায় ৮ বছর আপনাদের সাথে কাজ করেছি। কাজ করতে গিয়ে আপনাদের সাথে যদি কোন ভুলত্রুটি হয়ে থাকে তাহলে ক্ষমা সুন্দর দৃষ্টি দেখবেন। নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল থেকে ২টি মামলার তদন্ত পেয়েছি। সরেজমিন তদন্ত পূর্বক তদন্ত প্রতিবেদন আদালতে প্রেরণ করা হয়েছে।<br>সিদ্ধান্ত : নারী ও শিশু নির্যাতন দমনে ও বাল্যবিবাহ রোধে আরো কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ করা হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১৫. | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা আলোচনায় অংশ নিয়ে বলেন বিআরডিবি অফিসের পাশে উপজেলা মডেল মসজিদ একটি দৃষ্টি নন্দন স্থাপনা নির্মিত হয়েছে। আমার বিআরডিবি ভবনটি তার পার্শ্বে জরাজীর্ণ অবস্থায় আছে। হালকা টুকিটাকি মেরামত করে রং করলে ভবনটির সৌন্দর্য বৃদ্ধি পাবে। এছাড়া আমার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, কুলিয়ারচর |
| ১৬. | সমবায় বিভাগ | উপজেলা সমবায় অফিসার আলোচনায় অংশ নিয়ে বলেন সমবায় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন হচ্ছে। ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম স্বাভাবিক আছে। এছাড়া তার দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক চলছে। | উপজেলা সমবায় অফিসার, কুলিয়ারচর |
| ১৭. | বন বিভাগ | ভারপ্রাপ্ত সামাজিক বনায়ন কর্মকর্তা সভায় অনুপস্থিত। | |
| ১৮. | বিদ্যুৎ (বিউবো) | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ)এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন, বিদ্যুৎ বিভাগের কাজ স্বাভাবিক আছে। আমরা নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ রাখার চেষ্টা করছি। কিন্তু বিদ্যুৎ বিভাগটি একটি সেনসিটিভ বিষয়। সঞ্চালন লাইনের কোথায় একটু সামান্য সমস্যা হলে পাওয়ার চলে যায়।<br>সিদ্ধান্ত : সরকারি রাজস্ব আদায়ে বিদ্যুৎ বিভাগকে সার্বিক সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। | আবাসিক প্রকৌশলী (বিদ্যুৎ), কুলিয়ারচর |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ১৯. | পল্লী বিদ্যুৎ | ডিজিএম, পল্লী বিদ্যুত বলেন আমাদের পল্লী বিদ্যুৎ দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আমাদের এখানে কোন লোড শেডিং নেই। আমরা নরসিংদী গ্রিডের আওতায়। সারা দেশে লোডশেডিং হচ্ছে। আমাদের এখানে ৭০ কিমি: দূর থেকে বিদ্যুৎ আসছে। যার দরুন মাঝে মাঝে কিছু লো-ভোল্টেজ দেখা দেয়। | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি, কুলিয়ারচর |
| ২০. | দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা জানান আমাদের ঋণ বিতরন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। আমার দাপ্তরিক কার্যক্রমও স্বাভাবিক আছে। | উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, কুলিয়ারচর |
| ২১. | বিএডিসি(সেচ) | সহকারী প্রকৌশলী, বিএডিসি (সেচ) এর প্রতিনিধি আলোচনায় অংশ নিয়ে বলেন ২০১৯ এর পর থেকে প্রজ্ঞাপন আসে সকল ডিপ টিউবওয়েল এর জন্য উপজেলা থেকে লাইসেন্স নিতে হবে। এছাড়া আমাদের দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিক আছে। | সহকারী প্রকৌশলী বিএডিসি (সেচ) |
| ২২. | পল্লী সঞ্চয় ব্যাংক | পল্লী সঞ্চয় ব্যাংক এর সমন্বয়কারী আলোচনায় অংশ নিয়ে বলেন, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | সমন্বয়কারী, পল্লী সঞ্চয় ব্যাংক |
| ২৩ | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | সভায় উপস্থিত উপজেলা উন্নয়ন ফ্যাসিলেটেটর জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন(এলজিডি) প্রকল্পের আওতায় উপজেলা পর্যায়ে সক্ষমতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ আয়োজনের জন্য ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার প্রশিক্ষণ কর্মসূচি আয়োজনের জন্য স্থায়ী কমিটির মাধ্যমে ৬টি প্রশিক্ষণের প্রস্তাব পাওয়া যায়। এই প্রশিক্ষণ প্রস্তাবসমূহ যাচাই বাছাই কমিটির মাধ্যমে অনুমোদনের জন্য প্রকল্প পরিচালক, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, স্থানীয় সরকার বিভাগ, ঢাকা প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়েছে।<br><br>সিদ্ধান্ত : এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে ৬টি প্রকল্পের প্রস্তাব সর্বসম্মতভাবে অনুমোদিত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ<br>৩। উপজেলা উন্নয়ন ফ্যাসিলেটেটর,কুলিয়ারচর |
| ২৪ | কুলিয়ারচর পৌরসভা | কুলিয়ারচর পৌরসভা মেয়র বলেন পৌরসভা এরিয়ার মধ্যে সব রাস্তা পৌরসভার নয়। কিছু রাস্তা এলজিইডির এবং কিছু রাস্তা সড়ক ও জনপথ বিভাগের। দ্বাড়িয়াকান্দি স্ট্রিল ব্রিজ পূর্বপাড় পর্যন্ত আমাদের পৌরসভার মধ্যে পড়েছে। দ্বাড়িয়াকান্দি ব্রিজে ছোট বড় গাড়ি দুর্ঘটনার শিকার হচ্ছে। জনগণ দুর্ভোগ পোহাচ্ছে। কুলিয়ারচর প্রবেশের জন্য এই রাস্তাটি খুবই গুরুত্বপুর্ণ। দ্রুত এই ব্রিজ কাজ সম্পন্ন করার জন্য কর্তৃপক্ষকে অনুরোধ জানাচ্ছি। | ১। উপজেলা প্রকৌশলী, কুলিয়ারচর |
| ২৫ | গোবরিয়া আব্দুল্লাহপুর ইউপি | গোবরিয়া আব্দুল্লাহপুর ইউনিয়ন পরিষদের সচিব আলোচনায় অংশ নিয়ে বলেন ইউনিয়ন পরিষদ নির্বাচন চলমান থাকায় বর্তমানে পরিষদে কোন উন্নয়নমূলক কার্যক্রম নাই। তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক আছে। | |
| ২৬ | উছমানপুর ইউপি | উছমানপুর ইউনিয়ন পরিষদ সচিব আলোচনায় অংশ নিয়ে বলেন আমার ইউপির দাপ্তরিক কাজ স্বাভাবিকভাবে চলছে। কোন সমস্যা নাই। | ইউপি সচিব, উছমানপুর ইউপি, কুলিয়ারচর |
| ২৮ | ফরিদপুর ইউপি | ফরিদপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন, জনগণ আমাদের ভোট দিয়ে এই উপজেলা পরিষদে পাঠিয়েছে। আমরা জনগণের বিভিন্ন চাহিদা পূরণে তাদের কাছে দায়বদ্ধ ছিলাম। এছাড়া আমার ইউপির দাপ্তরিক কাজ স্বাভাবিক আছে। | চেয়ারম্যান, ফরিদপুর ইউপি, কুলিয়ারচর |
| ২৯ | ছয়সূতি ইউপি | ছয়সূতি ইউপি চেয়ারম্যান আলোচনায় অংশ নিয়ে বলেন, আজকের এই মাসিক সভা আমাদের উপজেলা পরিষদের শেষ সভা। সামনে ২৮ তারিখ নির্বাচনের মাধ্যমে নতুন চেয়ারম্যান আসবেন। যদি কারো মনে কষ্ট দিয়ে থাকি তাহলে ক্ষমা সুন্দর দৃষ্টিতে মাফ করে দিবেন। | চেয়ারম্যান, ছয়সূতি ইউপি, কুলিয়ারচর |
| ৩০ | বিবিধ আলোচনা | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর আলোচনায় অংশ নিয়ে বলেন, কুলিয়ারচর উপজেলা নব যোগদানকৃত সহকারী কমিশনার (ভূমি) ও উপজেলা প্রকৌশলী এই দুইজনকে স্বাগত জানাই। আমি গত সপ্তাহে ঢাকা থেকে রেলগাড়ি যোগে কুলিয়ারচর আসতে ছিলাম। আসার সময় ভৈরব থেকে গাড়ি ছাড়ার পর কুলিয়ারচর আসার আগে কিছু লোক বলতে লাগল যে, ব্যাগ, মোবাইল ও ঘড়ি সাবধান। চোর এগুলো নিয়ে চলন্ত গাড়ি থেকে নেমে চলে যায়। অনেকেই এই ঘটনার শিকার হচ্ছে। কাজেই আমি এ বিষয়ে নজরদারী বাড়ানোর জন্য আইন-শৃঙ্খলা বাহিনীর দৃষ্টি আকর্ষণ করছি। এছাড়া উপজেলা নির্বাহী অফিসারগণের সার্বক্ষণিক নিরাপত্তাসহ বাসভবন ও উপজেলা ক্যাম্পাসের নিরাপত্তায় আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণ সংক্রান্ত বিষয়ে মহামান্য হাইকোর্টে রিট পিটিশন চলমান আছে। আগামী ২৮ নভেম্বর ২০২১ তারিখ শুনানীর দিন ধার্য আছে। উক্ত রিটের নিস্পত্তির পর আনসার সদস্যদের জন্য আবাসন ভবন নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করা হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, কুলিয়ারচর<br>২। অফিসার ইনচার্জ, কুলিয়ারচর থানা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৩১ | রাজস্ব ব্যয় | খ) উপজেলা পরিষদের গেজেটেড কোয়াটারের ২য় তলার পূর্ব পার্শ্বের ইউনিটটি রংকরণ, বৈদ্যুতিক লাইন মেরামত, গ্রীজার ক্রয় এবং জানালায় থাই গ্লাস লাগানো বাবদ ২,০০,০০০/-(দুই লক্ষ) টাকা | |

| ক্রমিক নং | নাম ও পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ০১ | জনাব সাঈদা খানম মুক্তা, মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ | সভাপতি |
| ০২ | মোঃ ওবায়দুল্লাহ, সাঁট মুদ্রাক্ষরিক, উপজেলা পরিষদ, কুলিয়ারচর, কিশোরগঞ্জ | সদস্য |
| ০৩ | মোঃ ইমরান হোসেন, একাউন্টেন্ট ক্লার্ক, উপজেলা নির্বাহী অফিস, কুলিয়ারচর, কিশোরগঞ্জ | সদস্য |
| ০৪ | জনাব মোঃ মিনহাজ মিয়া, উপজেলা ভূমি অফিস, কুলিয়ারচর, কিশোরগঞ্জ | সদস্য |
| ০৫ | মোঃ আরমান হোসাইন, সাটমুদ্রাক্ষরিক, উপজেলা নির্বাহী অফিস, কুলিয়ারচর | সদস্য |
| ০৬ | জনাব মাসুদ রানা, কার্যসহকারী, পিআইও অফিস, কুলিয়ারচর | সদস্য |
| ০৭ | মোঃ লায়েছ মিয়া, উপসহকারী প্রকৌশলী, এলজিইডি, কুলিয়ারচর, কিশোরগঞ্জ | সদস্য-সচিব |

**সিদ্ধান্ত :** এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে প্রকল্পটি বাস্তবায়ন করার প্রস্তাব সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।

উপস্থিত সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করে সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে সকলের সহযোগিতা কামনা করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৭-১১-২১

(ইয়াছির মিয়া)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
কুলিয়ারচর, কিশোরগঞ্জ

স্মারক নং : ০৫.৪১.৪৮৫৪.০০০.০০.০০০.২০-৯২৮

তারিখ : ১৭/১১/২০২১খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। জনাব নাজমুল হাসান পাপন, মাননীয় সংসদ সদস্য-১৬৭, কিশোরগঞ্জ-৬ ও মাননীয় উপদেষ্টা, উপজেলা পরিষদ, কুলিয়ারচর
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৫। জেলা প্রশাসক, কিশোরগঞ্জ
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, কিশোরগঞ্জ
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ/পানি উন্নয়ন বোর্ড/জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, কিশোরগঞ্জ
৮। জেলা.............................কর্মকর্তা, কিশোরগঞ্জ
৯। মেয়র, কুলিয়ারচর, পৌরসভা, কিশোরগঞ্জ
১০। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১১। উপজেলা....................................................অফিসার, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১২। ইউপি চেয়ারম্যান/সচিব- গোবরিয়া আব্দুল্লাহপুর/রামদী/সালুয়া/ছয়সূতী/উছমানপুর/ফরিদপুর, কুলিয়ারচর, কিশোরগঞ্জ
১৩। অফিস নথি

১৭/১১/২০২১

(রুবাইয়াৎ ফেরদৌসী)
উপজেলা নির্বাহী অফিসার
কুলিয়ারচর, কিশোরগঞ্জ
মোবাইল : ০১৯৫৮-৪০০৪১৯
ইমেইল : unokuliarchar@mopa.gov.bd

CamScanner

# উপজেলা পরিষদের সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর

| ক্র: | নাম ও পদবী | তারিখ ও স্বা: ২৮/০৯/২০২১ | তারিখ ও স্বা: ১৪/১০/২০২১ | তারিখ ও স্বা: ১৭/১১/২০২১ |
|---|---|---|---|---|
| ০১ | মাননীয় সংসদ সদস্য কিশোরগঞ্জ-৬ | | | |
| ০২ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর | | | |
| ০৩ | মেয়র কুলিয়ারচর পৌরসভা | | | |
| ০৪ | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কুলিয়ারচর | | | |
| ০৫ | মহিলা ভাইস চেয়ারম্যান উপজেলা পরিষদ, কুলিয়ারচর | | | |
| ০৬ | চেয়ারম্যান গোবরিয়া আব্দুল্লাহপুর ইউপি | | | |
| ০৭ | চেয়ারম্যান, রামদী ইউনিয়ন পরিষদ | | | |
| ০৮ | চেয়ারম্যান উছমানপুর ইউনিয়ন পরিষদ | | | |
| ০৯ | চেয়ারম্যান ছয়সূতি ইউনিয়ন পরিষদ | | | |
| ১০ | চেয়ারম্যান সালুয়া ইউনিয়ন পরিষদ | | | |
| ১১ | চেয়ারম্যান ফরিদপুর ইউনিয়ন পরিষদ | | | |
| ১২ | মো: জিল্লুর রহমান, বীর মুক্তিযোদ্ধা সদস্য, জেলা পরিষদ, কিশোরগঞ্জ | | | |
| ১৩ | নাছিমা আক্তার সংরক্ষিত মহিলা সদস্য, জেলা প: | | | |
| ১৪ | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য-১, কুলিয়ারচর | | | |
| ১৫ | উপজেলা পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য-২, কুলিয়ারচর | | | |

উপজেলা পরিষদের সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | তারিখ ও স্বা: ২৮/০৯/২০২১ | তারিখ ও স্বা: ১৪/১১/২০২১ | তারিখ ও স্বা: ১৭/১২/২০২১ | তারিখ ও স্বাক্ষর ০২/০১/২০২২ | তারিখ ও স্বাক্ষর ১৭/০১/২০২২ | ১৭/০২/২০২২ | ১৪/০৩/২০২২ | ১৮/০৪/২০২২ |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০২ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] 17.01.2022 | [signature] | [signature] | [signature] |
| ০৩ | উপজেলা কৃষি কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৪ | উপজেলা প্রাণীসম্পদ কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৭/০১/২২ | [signature] 17.2.22 | [signature] | [signature] |
| ০৫ | উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | — | [signature] | [signature] ১৭/০১/২২ | [signature] ১৭/০২/২২ | [signature] ১৪/০৩/২২ | |
| ০৬ | উপজেলা প্রকৌশলী কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৭ | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, কুলিয়ারচর, কিশোর: | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৮ | উপজেলা শিক্ষা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ০৯ | উপজেলা সমাজসেবা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | . | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১০ | ~~উপজেলা সমাজসেবা কর্মকর্তা~~ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | | | | | | | | |
| ১১ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১২ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] ১৭/০১/২২ | [signature] | [signature] | [signature] |
| ১৩ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |
| ১৪ | আবাসিক প্রকৌশলী (বিউবো) কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | | | | | [signature] | |
| ১৫ | উপজেলা সমবায় কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | | | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] |

উপজেলা পরিষদের সভায় উপস্থিত কর্মকর্তাগণের স্বাক্ষর

| ক্র: নং | নাম ও পদবী | তারিখ ও স্বাঃ 24/09/2021 | তারিখ ও স্বাঃ 14/10/2021 | তারিখ ও স্বাঃ 17/11/2021 | তারিখ ও স্বাক্ষর 09/12/2021 | তারিখ ও স্বাক্ষর 17/01/2022 | 17/02/2022 | 14/03/2022 | 18/04/2022 | 24/05/2022 |
| --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- | --- |
| ১৬ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] | [signature] | [signature] | [signature] | [signature] | | [signature] | [signature] | |
| ১৭ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24.09.2021 | [signature] 14.10.2021 | [signature] 17/11/21 | [signature] 09/12/2021 | [signature] 17.01.2022 | [signature] 17.02.2022 | [signature] 14/03/22 | | |
| ১৮ | উপসহকারী প্রকৌশলী, বিআরডিবি বিএডিসি সেচ, কুলিয়ারচর | [signature] 24.09.21 | [signature] 14.10.21 | [signature] 17.11.21 | [signature] 09.12.21 | [signature] 17.01.22 | [signature] | [signature] 14.03.2022 | [signature] 18.04.22 | |
| ১৯ | ডিজিএম পল্লী বিদ্যুৎ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24/09/2021 | [signature] 14/10/2021 | [signature] 17/11/2021 | | [signature] 17.1.22 | | [signature] 14.3.22 | [signature] 18.4.22 | |
| ২০ | উপসহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24.09.2021 | [signature] 14.10.2021 | [signature] 17.11.2021 | [signature] 09.12.2021 | | [signature] | [signature] | [signature] | |
| ২১ | উপজেলা সমন্বয়কারী পল্লী সঞ্চয় ব্যাংক কুলিয়ারচর | [signature] 24.09.21 | [signature] 14.10.21 | [signature] 17.11.21 | [signature] 09.12.21 | [signature] 17/01/22 | [signature] 17/02/22 | [signature] 14.02.22 | [signature] 18.04.22 | |
| ২২ | উপজেলা দারিদ্র বিমোচন কর্মঃ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24/09/21 | [signature] 14/10/21 | [signature] 17/11/21 | [signature] 09/12/21 | [signature] 17/01/22 | [signature] 17/02/22 | [signature] 14/03/22 | [signature] 18/04/22 | |
| ২৩ | উপজেলা উন্নয়ন ফ্যাসিলেটর কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24/09/21 | [signature] 14/10/21 | [signature] 17/11/2021 | [signature] | [signature] 17/01/2022 | | [signature] 14/03/22 | | |
| ২৪ | উপজেলা তথ্যসেবা কর্মকর্তা কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24/09/21 | [signature] 14/10/21 | [signature] 17/11/21 | [signature] 09/12/21 | [signature] 17/01/22 | [signature] 17/02/22 | [signature] 14/03/22 | [signature] 18/04/22 | |
| ২৫ | ভারপ্রাপ্ত কর্মকর্তা, বন বিভাগ কুলিয়ারচর, কিশোরগঞ্জ | | | | | [signature] 17/01/22 | | [signature] 14/03/22 | [signature] | |
| ২৬ | উপজেলা একটি বাড়ি একটি খামার কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24/09/21 | [signature] 14/10/21 | [signature] 17/11/21 | [signature] 09/12/21 | [signature] 17/01/22 | [signature] 17/02/22 | [signature] 14/03/22 | | |
| ২৭ | [illegible] ডেভেলপমেন্ট কুলিয়ারচর, কিশোরগঞ্জ | [signature] 24/09/21 | [signature] 14/10/21 | [signature] 17/11/2021 | [signature] 09/12/21 | [signature] 17/01/22 | [signature] 17/02/22 | | [signature] 18/04/22 | |
| ২৮ | ~~[illegible]~~ | [signature] 24/09/22 | [signature] | [signature] | | | | | | |
| ২৯ | ~~[illegible]~~ [illegible] কর্মকর্তা | [signature] | | | | | | | | |
| ৩০ | | | | | | [signature] 17/03/22 | | | [signature] | |
| ৩১ | সভাপতি কুলিয়ারচর কল্যাণ সমিতি | | | | | | | | | |
| ৩২ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স | | | | | | | | | |

[signature]